গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড় ।
www.panchagarhsadar.panchagarh.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৭৭৩.০০০.১৮.০২৫.২০-৮৬৯৫

তারিখ ঃ ২৪ আষাঢ়, ১৪৩৩
০৮ জুলাই, ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের "Digital Service Employment and Technical Center (D-SET)" সেট পরিচালনা গাইডলাইনের শর্তানুযায়ী বিলুপ্ত ছিটমহলগুলোর পিছিয়ে পড়া জনগোষ্ঠী আর্থ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন, আইসিটি ইকো সিস্টেম সরাসরি সম্পৃক্তকরণ ও সক্ষমতা বৃদ্ধিসহ সরকারি বিভিন্ন সেবা গ্রহণ/ব্যবহার সুযোগ সৃষ্টির লক্ষ্যে D-SET পরিচালনার নিমিত্ত উদ্যোক্তা নিয়োগের জন্য পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/ প্রয়োজনীয় যোগ্যতা | বেতন ভাতাদি | কর্মস্থল | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|
| উদোক্তা (ডি-সেট সেন্টার) পদের সংখ্যাঃ ০১ টি | কোন স্বীকৃত বোর্ড হতে মিনিমাম এইচএসসি পাস বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ থাকতে হবে।<br>অথবা কম্পিউটার বিষয়ে তিন বছরের ডিপ্লোমা থাকতে হবে।<br>আউট সোর্সিং/ফ্রি-ল্যান্সিং কাজের সাথে সংশ্লিষ্টদের অগ্রাধিকার দেওয়া হবে। | "Digital Service Employment & Training Center (D-SET)" পরিচালনা গাইডলাইনের শর্তানুযায়ী | D-SET সেন্টার সাবেক গাড়াতি ছিট মহল, মফিজার রহমান কলেজ মাঠ সংলগ্ন | সরাসরি নিয়োগের মাধ্যমে |

### আবেদনের শর্তাবলী:

১) চাকুরীর নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনপত্র ছক যথাযথভাবে পূরণপূর্বক নিজ স্বাক্ষরযুক্ত আবেদন পত্র আগামী ১৬/০৭/২০২৬ তারিখের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় সদর, পঞ্চগড় বরাবরের রেজিস্টার ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে পদের নাম ও ঠিকানা লিখতে হবে।
২) আবেদনকারীকে পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
৩) আবেদনের সাথে প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি রঙিন ছবি
খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি
গ) ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সত্যায়িত কপি
ঘ) নিজ ইউনিয়নের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র
৪) আবেদনকারীকের যেকোন তফসিলি ব্যাংক হতে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় সদর, পঞ্চগড় এর অনুকূলে উক্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দখিল করতে হবে।
৫) আবেদনকারীকে মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে।
৬) নিয়োগের বিষয়ে কোন তদবির/সুপারিশ অযোগ্যতা বলে বিবেচিত হবে। সে ক্ষেত্রে প্রার্থীর আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৭) কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিলসহ যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।
৮) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ/বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন প্রকার টিএ/ ডি এ প্রদান করা হবে না।
৯) কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ এ জন্য দায়ী থাকবেন না। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
১০) সংশ্লিষ্ট কাজের পূর্বের অভিজ্ঞতাকে প্রাধান্য দেয়া হবে।

০৮/০৭/২৬
ফাহমিদা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ডি-সেট সেন্টার পরিচালনা কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়

CamScanner

# চাকুরির আবেদন ফরম

বরাবর

৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি স্ট্যাপলার করতে হবে)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | | | | | | | | | | | | | | | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | | | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা) ঃ | | | | | | | | | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | | মাস | | দিন | | | | | | | | | | | | | | | | |
| ৮. | মাতার নাম ঃ | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম ঃ | | | | | | | | | | | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্ট কোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | | ই-মেইল (যদি থাকে) ঃ |
| ১২. | জাতীয়তা ঃ | | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্ম ঃ | | ১৫. | পেশা ঃ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা ঃ | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | | |
| ১৯. | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখকরুন) ঃ | |
| ২০. | পোষ্টাল অর্ডার নম্বরঃ | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ ঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

.............................................................................
প্রার্থীর স্বাক্ষর